গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান।
ফোন : চেয়ারম্যানের অফিস : ০৩৬১-৬২৩৬৭ (অফিস), মুখ্য নির্বাহী কর্মকর্তার অফিস : ০৩৬১-৬২৪৮৭ (অফিস)
ফাক্স: ০৩৬১-৬২৩৯১, ওয়েব সাইট :www.bhdc.gov.bd, ই-মেইল: bhdcbd@gmail.com

বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০২১ সালের ২য় মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ক্য শৈ হ্লা
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
সভার স্থান ঃ পরিষদ সভাকক্ষ।
সভার তারিখ ঃ ২৮মার্চ, ২০২১ এবং ১৯মে, ২০২১(বর্ধিত সভা),
সময় ঃ বেলা-১১.০০টা

সভায় উপস্থিতির বিবরণ "পরিশিষ্ট - ক" এ দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে পরিষদের সাবেক সম্মানিত সদস্য জনাব থোয়াইচাহ্লা মারমা এর গত ২৭/০৩/২০২০ খ্রিঃ তারিখে পরলোক গমনের বিষয়টি অবহিত করেন এবং জীবদ্দশায় পরিষদের সদস্য থাকাকালীন তাঁর ভূমিকা ও অবদানের কথা স্মরণ করা হয় এবং এরই সাথে তারঁ সদগতি কামনা করে সভায় ১মিনিট নীরবতা পালন ও সম্মান প্রদর্শন করা হয়। সভাপতির অনুমতিক্রমে সভায় বিগত ২৪ জানুয়ারি, ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২০২১ সালের ১ম মাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং বিস্তারিত পর্যালোচনান্তে কার্যবিবরণীটি দৃঢ়করণ হয়।

অত:পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td>স্বাস্থ্য বিভাগ ঃ
১.১) করোনা ভাইরাস মোকাবেলা কার্যক্রম বাস্তবায়ন ঃ
করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধের লক্ষ্যে স্বাস্থ্য বিধি মেনে চলা এবং রেজিষ্ট্রেশনের মাধ্যমে টিকা গ্রহণের জন্য সিভিল সার্জন, বান্দরবান সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। যদিও বান্দরবান জেলায় করোনা সংক্রমণের প্রার্দুভাব তেমন নেই। তথাপি করোনার ২য় ধাপ আক্রমণের বিষয়ে সবাইকে সজাগ থাকার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। সভায় করোনা আক্রান্তেরহালনাগাদ পরিস্থিতির তথ্যাদি উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>২৪ ঘন্টায় নমুনা প্রাপ্তি</th><th>এ পর্যন্ত মোট শনাক্ত</th><th>এ পর্যন্ত সুস্থ</th><th>এ পর্যন্ত মোট মৃত সংখ্যা</th></tr>
<tr><td>২৫ জন</td><td>৯১৮ জন</td><td>৯০৩ জন</td><td>০৪ জন</td></tr>
</table></td><td>যারা এখনো কোভিড-১৯ প্রতিষেধক টিকা ভেকসিন গ্রহণ করেন নাই তাদের অতিসত্ত্বর রেজিষ্ট্রেশন করে টিকা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।</td><td>সিভিল সার্জন, বান্দরবান
ও
ন্যস্ত বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ</td></tr>
<tr><td></td><td>১.২) রুমা স্বাস্থ্য কমপ্লেক্সের জমি সংরক্ষণ সংক্রান্ত ঃ
রুমা স্বাস্থ্য কমপ্লেক্স এর জমি নিজেদের আওতায় সংরক্ষণ নিশ্চিত করণের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পাওয়া যায়নি মর্মে সভায় জানানো হয়। বিলম্বতার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।</td><td>বিষয়টি অতিসত্ত্বর নিস্পত্তির জন্য তাগিদ দেয়া হয়।</td><td>গঠিত কমিটির সদস্যবৃন্দ
ও
সিভিল সার্জন।</td></tr>
<tr><td></td><td>১.৩) পুরাতন লামা হাসপাতালের জমি সংক্রান্ত ঃ
লামা উপজেলার পুরাতন অব্যবহৃত হাসপাতাল ভবনটি বাজার ফান্ডভুক্ত জমিতে অবস্থিত। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নামে জমি রেকর্ডপত্র সংগ্রহের লক্ষ্যে তৎকালীন বাজার ফান্ড, রাংগামাটি এর সাথে পত্র-যোগাযোগ হয়েছে। রেকর্ডপত্র পাওয়া যায়নি। রাঙ্গামাটি বাজার ফান্ড অফিসে গিয়ে জমি রেকর্ড পত্র যাচাই করা সম্ভব হয়নি। স্বাস্থ্য কমপ্লেক্সের বাউন্ডারী নির্মাণের লক্ষ্যে ২০.০০ লক্ষ টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার আহবানের প্রক্রিয়াধীন আছে মর্মে নির্বাহী প্রকৌশলী সভায় জানান।</td><td>১। পূর্ববর্তীর সভার সিদ্ধান্তের আলোকে রেকর্ডপত্র সংগ্রহের ব্যবস্থা সম্পন্ন করবেন।

২। বাউন্ডারী নির্মাণের বিষয়ে পরিষদের নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লামা
এবং
নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।</td></tr>
</table>

চলমান- ০২

ক্রমনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	১.৪) নার্সিং কলেজে জনবল নিয়োগ ঃ নার্সিং কলেজ এর কার্যক্রম পরিষদে ন্যস্ত করার জন্য পত্র লেখা হয়েছে। মন্ত্রণালয় হতে কোন জবাব পাওয়া যায়নি।	জেলা পরিষদের তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে নার্সিং কলেজ পরিচালনা করার বিষয়ে মাননীয় মন্ত্রীর সহযোগিতা নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়।	সিভিল সার্জন, বান্দরবান।
	১.৫) জমির সীমানা বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত ঃ নার্সিং কলেজ হোস্টেল ভবনের প্রাচীর নির্মাণে জমির সীমানা বিরোধ নিষ্পত্তির বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়। ইতিমধ্যে সদর উপজেলা নির্বাহী অফিসার ও কানুনগো জমিটি সরেজমিন পরিদর্শন করে পূর্বের অনুরূপ জমি চিহ্নিত করে দিয়েছে। কিন্তু! অবৈধ দখলদারের জমি যে দাগে অন্তর্ভূক্ত তা স্বাস্থ্য বিভাগের জমির দাগের সাথে পাশাপাশি নয়। তাই এভাবে সীমানা নির্ধারণ করা হলে পরবর্তীতে প্রশাসনিক জটিলতা সৃষ্টি হতে পারে মর্মে সিভিল সার্জন সভায় জানান।	উভয় পক্ষের জমি রেকর্ড-পত্র ও ট্রেসম্যাপ পর্যালোচনা করে সীমানা নির্ধারণ করতে হবে।	সিভিল সার্জন,বান্দরবান এবং জনাব মোঃ মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
	১.৬) সদর হাসপাতাল ক্যাম্পাস হতে মর্গ স্থানান্তর প্রসংগে ঃ মর্গটি অন্যত্র সরিয়ে নেয়ার বিয়য়টি নিষ্পন্ন হয়নি মর্মে সভায় জানা যায়। PWD এর সাথে যোগাযোগ অব্যাহত আছে।	যথাযথ পদক্ষেপ নিতে হবে।	সিভিল সার্জন, বান্দরবান।
	১.৭) আলীকদম পুরাতন স্বাস্থ্য কমপ্লেক্স বেদখল সংক্রান্ত ঃ আলীকদম স্বাস্থ্য কমপ্লেক্স এর জমি বেদখল হওয়ার বিষয়ে সরেজমিনে পরিদর্শন ও জমি উদ্ধার এবং সংশ্লিষ্ট কর্মচারির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার বিষয়টি অগ্রগতি না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	১) তদন্ত কমিটির আহবায়ক পরিষদের সম্মানিত সদস্য জনাব দুংড়িমং মার্মাসহ পুনরায় সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য তাগিদ দেওয়া হলো।	পরিষদ সভায় গঠিত পরিদর্শন কমিটি।
		২) পরিবার পরিকল্পনা বিভাগকে হস্তান্তরিত আলীকদম উপজেলা পুরাতন হাসপাতাল ক্যাম্পাসের জমি জবর দখলকারী আলীকদম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সংশ্লিষ্ট কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ পূর্বক পরিষদকে অবহিত করতে তাগিদ দেয়া হলো।	১) সিভিল সার্জন, বান্দরবান। ২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলীকদম উপজেলা,বান্দরবান।
২	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (HED) ঃ সহকারী প্রকৌশলী সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আলীকদম উপজেলায় চলমান উন্নয়ন কার্যক্রম এর অগ্রগতি ৮০% এবং থানছি উপজেলায় উন্নয়ন কার্যক্রম ১০০% সম্পন্ন হয়েছে।	নিয়মিত পরিষদ মাসিক সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি অবহিত করতে হবে।	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।
৩	পরিবার পরিকল্পনা বিভাগ ঃ ৩.১)জেলা কার্যালয়ের নিজস্ব ভবন নির্মাণ ঃ পরিবার পরিকল্পনাভবন নির্মাণের জন্য ইতিমধ্যে জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ মন্ত্রণালয় হতে জেলা প্রশাসক বরাবর অর্থ ছাড় করা হয়েছে। জেলা প্রশাসক কর্তৃক ক্ষতিপূরণের অর্থ ছাড়ের কার্যক্রম চলমান।	জেলা প্রশাসক কার্যালয়ের সাথে যোগাযোগ করে পরিষদকে অগ্রগতি অবহিত করবে।	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান।
	৩.২) জনবল নিয়োগ ঃ জনবল নিয়োগ কার্যক্রম রোডম্যাপ অনুযায়ী সম্পন্ন হয়েছে এবং ইতিমধ্যে নিয়োগপ্রাপ্ত ৫০জন কর্মচারী স্বীয় কর্মস্থলে যোগদান করেছেন।	নিয়োগপ্রাপ্তদের চাকরি বহি খোলা, ওরিয়েন্টেশন, ইন-সার্ভিস ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান।
	৩.৩) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা প্রদান ঃ প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা বৃদ্ধির লক্ষ্যে DLI ক্যাটাগরির Facility Readiness এর আলোকে ২০% সেবা কেন্দ্র প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা প্রদানের উপযোগী করা হয়েছে । বাকি সেবা কেন্দ্রগুলো উপযোগী করার ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সকল সেবা কেন্দ্র ব্যবহারোপযোগি করার জন্য বিভাগীয়ভাবে উদ্যোগ নিতে হবে।	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, বান্দরবান।

চলমান- ০৩

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪	**সমাজ সেবা অধিদপ্তর ঃ** **৪.১) চিকিৎসা অনুদান কর্মসূচি ঃ** স্বাস্থ্যসেবা খাতের আওতায় হাসপাতাল এবং উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে দু:স্থ ও গরীব রোগীদের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম চলমান আছে।	অবহিত হওয়া গেল। সেবা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান।
	৪.২) ভাতা কর্মসূচি বাস্তবায়ন ঃ মুজিব বর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে সারাদেশে সকল ভাতা G2Pপদ্ধতিতে বিতরণের সিদ্ধান্ত থাকায় পরিষদের ২৪/০১/২০২১ তারিখের মাসিক সভারসিদ্ধান্তের আলোকে বান্দরবান জেলার কিছু এলাকায় মোবাইল নেটওয়ার্ক এর সীমাবদ্ধতার বিষয়টি অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। তাই পূর্বের ন্যায় ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করা প্রয়োজন।	১। সকল প্রকার ভাতা প্রদান কার্যক্রমের সুফলভোগীদের ব্যাংক একাউন্ট খোলা এবং ভাতা প্রদান কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ২। বান্দরবান জেলার নেটওয়ার্কবিহীন এলাকায় ভাতা প্রদানের সুবিধার্থে পূর্বের ন্যায় ভাতা প্রদানের কার্যক্রম বহাল রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ডিও লেটার লিখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-পরিচালক, সমাজ সেবা বিভাগ, বান্দরবান।
	৪.৩) সরকারি জমি সংরক্ষণ ও স্থাপনা নির্মাণ ঃ রোয়াংছড়ি, থানছি ও নাইক্ষ্যংছড়ি উপজেলায় সমাজ সেবা কার্যালয়ের জমি নামজারির বিষয়ে উপজেলা প্রশাসন ও জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে রেকর্ড-পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানা যায়।	অবহিত হওয়া গেল। পরবর্তী সভায় অগ্রগতি জানাতে হবে।	উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বান্দরবান এবং সংশ্লিষ্ট উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
	৪.৪) জাতীয় সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে এককালীন অনুদান বিতরণঃজাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত এককালীন অনুদান বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। শিক্ষার্থীদের অনুদান এখনো পাওয়া যায়নি।	শিক্ষা অনুদান প্রাপ্তির বিষয়ে যোগাযোগ করে অগ্রগতি পরিষদকে অবহিত করতে হবে।	উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বান্দরবান।
	৪.৫) প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বান্দরবান ঃ প্রতিবন্ধী সেবা প্রদান কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা হয়। জনবলের ঘাটতি থাকলে তা পূরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	নিয়মিত সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত তথ্যাদি পরিষদে নিয়মিত প্রেরণ করতে হবে।	১। উপ-পরিচালক, সমাজসেবা, বান্দরবান। ২। প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, জেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, বান্দরবান।
	৪.৬) জনবল সংকট ঃ সমাজসেবা অধিদপ্তরে জনবলের শূন্যপদ পূরণের জন্য চাহিত তথ্যাদি জেলা পরিষদে প্রেরণ করা হয়েছে। কর্মকর্তা পদায়নের জন্য বিভাগীয় কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে মর্মে উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর সভায় অবহিত করেন। শূন্যপদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদ হতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়কে পত্র লেখা হয়েছে।	ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে ফলোআপ করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ এবং উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বান্দরবান।
	৪.৭) রোগী কল্যাণ সমিতির কার্যক্রম জন্য কক্ষ বরাদ্দ ঃ উপজেলা পর্যায় সুষ্ঠুভাবে সেবা প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেএকটি কক্ষ বরাদ্দ প্রাদানের বিষয়ে সিভিল সার্জন মহোদয়কে অবহিত করা হয়েছে। এ বিষয়ে জেলা পরিষদ হতেও সিভিল সার্জনকে নির্দেশনা দেয়ার জন্য সভায় অনুরোধ জানানো হয়।	প্রত্যেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ রোগী কল্যাণ সমিতির কার্যক্রম পরিচালনার জন্য একটি কক্ষ বরাদ্দ প্রদানের বিষয়টি নিষ্পত্তি করে পরিষদকে অবহিত করতে হবে।	সিভিল সার্জন, বান্দরবান এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

চলমান- ০৪

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫	**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান ঃ** **৫.১)কর্মকর্তা ও কর্মচারী শূন্যপদ পূরণ সংক্রান্ত ঃ** কৃষি সম্প্রসারণ বিভাগে ক্যাডারভুক্ত ও নন-ক্যাডারভুক্ত কর্মকর্তা-১১টি পদে কর্মকর্তা পদায়নের জন্য কৃষি মন্ত্রণালয়ে এবং পরিষদ কর্তৃক নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী-২৬ টি শূন্যপদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের জন্য পার্বত্য মন্ত্রণালয়ের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের বরাবর পত্র লেখা হয়েছে।	১। কর্মকর্তা পদায়নের বিষয়ে নীবিড়ভাবে ফলোআপ করতে হবে। ২। কর্মচারীর শূন্যপদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র পাওয়ার বিষয়টি নিস্পত্তির জন্য নিয়মিত ফলো-আপ করতে হবে।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, বান্দরবান।
	৫.২) পুরাতন অফিস ভবন ভাঙ্গা/ নিলামের ব্যবস্থা ঃ NATP এর আওতায় ৪র্থ তলা বিশিষ্ট নতুন অফিস ভবন নির্মাণের কাজ প্রায় শেষ হওয়ার পথে। ৩য় শ্রেণী কর্মচারীদের পুরাতন বাসভবন ও অফিস ভবনটি ভেঙ্গে ফেলার লক্ষ্যে ইতিমধ্যে পরিষদের নির্বাহী প্রকৌশলী ভবনটি পরিদর্শন করে প্রতিবেদন দিয়েছেন। পুরাতন ভবনসমূহের মূল্য : ২,৯৯,১৪৪/- (দুইলক্ষ নিরানব্বই হাজার একশত চুয়াল্লিশ)টাকার প্রাক্কলণ দাখিল করেছেন। নিলাম আহবানের মাধ্যমে পুরাতন ভবনটি অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয় : ১। জনাব ক্য সা প্রু, সম্মানিত সদস্য ---------আহবায়ক ২। নির্বাহী প্রকৌশলী, বা/বান পার্বত্য জেলা পরিষদ---সদস্য ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ -------সদস্য-সচিব	যথাযথ প্রক্রিয়ায় পুরাতন ভবন অপসারণের কার্যক্রম নিস্পত্তির জন্য জরুরী ব্যবস্থা নিতে হবে।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, বান্দরবান ও সংশ্লিষ্ট কমিটি।
	৫.৩) খরিপ-১ ও রবি মৌসুমে প্রনোদনা সংক্রান্ত ঃ ১) কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনামতে ৪৫০০ জন কৃষক-কে আউশ প্রণোদনা এবং পারিবারিক কৃষির আওতায় ৮০০ সবজি-পুষ্টি বাগান স্থাপনের লক্ষ্যে বরাদ্দকৃত অর্থ জেলা কৃষি পুনর্বাসন কমিটির সভায়৭টি উপজেলার জন্য বিভাজন করা হয়েছে। কার্যক্রম চলমান। তাছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে পারিবারিক কৃষির আওতায় ৮০০টি সবজি-পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। ২) রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা প্রদান করা হয়েছে। ৩) রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে ৫০০০ জন কৃষককে বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচী সম্পন্ন হয়েছে।	চলমান কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং আগামী সভায় অগ্রগতি তুলে ধরতে হবে।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, বান্দরবান।
	৫.৪) কাজু বাদাম চাষ প্রকল্প গ্রহণ ঃ এ জেলায় ব্যক্তি পর্যায়ে সৃজিত কাজু বাদাম বাগানে উৎপাদিত ফসলপ্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণের বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় সাপোর্ট প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।এ বিষয়ে বিশেষ উদ্যোগ গ্রহণের জন্য উপ-পরিচালক এর জোরালো দৃষ্টি আকর্ষণ করা হয়।	ক) কাজু বাদামের বাগানসমূহ সরেজমিন পরিদর্শন করে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য তাগিদ দেয়া হলো। খ) কফিসহ অন্যান্য সম্ভাবনাময় ফসল চাষের জন্য নতুন এলাকা/কৃষক চিহ্নিত করে সম্প্রসারণের উদ্যোগ নেয়ার জন্য তাগিদ দেয়া হলো।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, বান্দরবান।
	৫.৫) কোয়ার্টার সংস্কার সংক্রান্ত ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উপজেলা পর্যায়ে কোয়ার্টার মেরামতের জন্য খামারবাড়ী, ঢাকায় বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। কিছু কোয়ার্টারে অবৈধভাবে লোকজন বসবাস করছে। অবৈধ দখলদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, বান্দরবানকে পত্র যোগাযোগ করা হয়েছে।	১। কোয়ার্টার সংস্কারের জন্য বরাদ্দ প্রাপ্তির বিষয়ে অব্যাহত যোগাযোগ রাখতে হবে। ২। অবৈধ দখলদারদের তালিকা প্রণয়ন করে তাদের বিরুদ্ধে দ্রুত আইনী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র লেখতে হবে এবং তা পরিষদকে অবহিত করতে হবে। ৩। কৃষি বিভাগের সকল স্থাপনা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং দায়িত্ব অবহেলাকারী কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে পরিষদকে অবহিত করার জন্য তাগিদ দেয়া হলো।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, বান্দরবান।

চলমান- ০৫

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	৫.৬) অফিসে সীমানা প্রাচীর ও গেইট নির্মাণ ঃ জেলা অফিস সংলগ্ন হিলবার্ড বোর্ডিং এর পার্শ্বস্থ হেলে পড়া সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়।	বর্ণিত দেয়াল নির্মাণের জন্য সরজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।
৬	**নার্সারী ও হর্টিকালচার সেন্টারসমূহের কার্যক্রম ঃ** **৬.১) বালাঘাটা হর্টিকালচার সেন্টার এর কার্যক্রম ঃ** উপ-পরিচালক, বালাঘাটা হর্টিকালচার সেন্টার, বান্দরবান কর্তৃক তার সেন্টারে ২০২০-২০২১ অর্থ বছরে মার্চ/২০২১ পর্যন্ত সময়ে উৎপাদিত চারা, কলমের উৎপাদন বিতরণ ও মজুদ এর প্রতিবেদন উপস্থাপন করা হয় ঃ	অবহিত হওয়া গেল। হর্টিকালচার সেন্টারসমূহের বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ পরিষদে দাখিল করতে হবে।	উপ-পরিচালক হর্টিকালচার সেন্টার, বালাঘাটা, বান্দরবান পার্বত্য জেলা।

ক্র: নং	বিবরণ	উৎপাদন	পূর্বের জের	বিতরণ	মজুদ
১	বিভিন্ন ফলের চারা, মসলা জাতীয় চারা, পাম জাতীয় চারা/ কলম, ঔষধি চারা/ কলম, সবজি জাতীয় চারা /কলম, শোভাবর্ধনকারী ফুলের চারা/ কলম	৫৪৫০৫৪৫	১০৯২৪৩	১৭০৫৯	১১৭২৬২২

	৬.২) রিজার্ভ ট্যাংক নির্মাণ ও পানি লাইন সংযোগ স্থাপন ঃ বালাঘাটা হর্টিকালচার সেন্টারে রিজার্ভ ট্যাংকে পানি সরবরাহ লাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়নি মর্মে সভায় জানা যায়।	হর্টিকালচার সেন্টারে নির্মিত রিজার্ভ ট্যাংক এ পানি সরবরাহ লাইন সংযোগ দিতে হবে।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।
৭।	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ ৭.১) পৌর পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত : পৌর পানি সরবরাহ ব্যবস্থার সার্বিক উন্নয়নের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ পূর্বক নিয়মিত বিল ও বকেয়া বিল আদায় এবং বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে নির্বাহী প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় পানি সরবরাহের বিল পুন:নির্ধারণের প্রস্তাব উপস্থাপন করা হয়। দেখা যায়, মাসিক বিলের হার সর্বশেষ ২০১০ সালে নির্ধারণ করা হয়। উক্ত মাসিক বিল পরিমাণে বৃদ্ধির লক্ষ্যে সভায় প্রস্তাবিত মাসিক বিলের হার পর্যালোচনা করে পুনরায় যুক্তিযুক্ত প্রস্তাব দেয়ার জন্য সভায় নিম্নমতে রিভিউ কমিটি গঠন করা হয় : ১। জনাব মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, এ পরিষদ-আহ্বায়ক ২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধি: বান্দরবান- সদস্য-সচিব ৩। তত্ত্বাবধায়ক, পানি সরবরাহ প্রকল্প, বান্দরবান - সদস্য	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য তাগাদা দেয়া হলো : ১) পানির বিল আদায়ের জন্য গ্রাহকের নিকট নিয়মিত বিল পৌছানো নিশ্চিত করতে হবে। ২) খেলাপি গ্রাহকের তালিকা প্রণয়ন করে চূড়ান্ত নোটিশ ইস্যু করতে হবে এবং ১০ হাজার টাকার উর্দ্ধে খেলাপি গ্রাহকদের তালিকা জনসমক্ষে প্রকাশ করতে হবে। বকেয়া বিল আদায়ের জন্য প্রয়োজনে পিডিআর অ্যাক্ট এ মামলা রুজু করতে হবে। ৩) অবৈধ পানি লাইন সংযোগ বিচ্ছিন্ন করার লক্ষ্যে ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা করতে হবে। ৪) পানির বিলের কপি গ্রাহকদের নিকট পৌছানো এবং বিল আদায়ের প্রক্রিয়া সহজিকরণের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে। ৫) পানি বিল সংশোধন/পুন:নির্ধারণের প্রস্তাবটি যাচাই করে পরবর্তী সভায় পুনরায় দাখিল করতে হবে।	জনাব মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, এ পরিষদ এবং নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধি:, বান্দরবান।
৮	প্রাথমিক শিক্ষা, বান্দরবান ঃ ৮.১) ৮০ টি জাতীয়করণকৃত স্কুলের শিক্ষকের তালিকা সংক্রান্ত ঃ সদ্য জাতীয়করণকৃত ৮০ টি বিদ্যালয়ে শিক্ষকদের তালিকা চূড়ান্ত অনুমোদন লাভের বিষয়টি নিশ্চিতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	বর্ণিত ৮০টি জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের তালিকা চূড়ান্ত অনুমোদনের বিষয়ে ফলোআপ করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান।
	৮.২) প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষকের পদ সমন্বয় করণ ঃ জেলা শিক্ষা অফিসার জানান, বিদ্যালয় বন্ধ থাকায় এ জেলার বিভিন্ন স্কুলের চাহিদা মাফিক শিক্ষকের পদ সমন্বয়ের প্রস্তাব চূড়ান্ত করা যায়নি।	শিক্ষকের পদ সমন্বয়ের প্রস্তাব পাঠানোর জন্য তাগিদ দেয়া হয়।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান।

চলমান- ০৬

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	৮.৩) স্কুল ম্যানেজিং কমিটির পুন:গঠন সংক্রান্ত ঃ জেলা শিক্ষা অফিসার জানান, এসএমসি গঠন সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপনের আলোকে স্থানীয়ভাবে প্রজ্ঞাপন জারির জন্য নীতিমালা তৈরী করা হয়েছে। সেটি অনুমোদনের সভায় উপস্থাপন করা হয়।	স্কুল ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন জারির বিষয়টি দ্রুত সম্পন্ন করতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বান্দরবান।
	৮.৪) প্রাথমিক শিক্ষা বিভাগের জনবল নিয়োগ সংক্রান্ত ঃ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান, এ জেলায় ২৮১ টি শূন্যপদ পূরণ এর লক্ষ্যে গত ২৭/০১/২০২১ খ্রিঃ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি জারি হয়। প্রাপ্ত আবেদনের সংখ্যা ঃ ৩৬৮৫টি ইতিমধ্যে বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। লকডাউনের কারণে নিয়োগ কার্যক্রম স্থবির হয়ে আছে।	করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান।
	৮.৫) প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি ঃ প্রাথমিক শিক্ষক নিয়োগ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্রানুসারে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পত্রটি মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় পাঠ করে শুনানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের পত্রে " ৩ পার্বত্য জেলা পরিষদে কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রায়শ অনিয়ম হয়ে থাকে" মর্মে মন্তব্য করা হয়েছে। কোন রকম তদন্ত ছাড়া এ ধরণের মন্তব্য করার ফলে পরিষদের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে মর্মে সভায় বিবেচিত হয়।	তিন পার্বত্য জেলার চেয়ারম্যান মহোদয়গণ এ বিষয় নিয়ে সমন্বয় বৈঠক করবেন এবং বৈঠকে সিদ্ধান্তের অনুসারে পরবর্তী ব্যবস্থা নিতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান।
৯	মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ জেলা শিক্ষা কর্মকর্তা, বান্দরবান সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। সভায় অনুপস্থিতির কারণ ব্যাখ্যা প্রদান করতে হবে।	জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান।
১০	প্রাণিসম্পদ বিভাগ ঃ ১০.১) স্টাফ কোয়ার্টার সংস্কারঃ প্রাণিসম্পদ অফিসের স্টাফ কোয়ার্টার এর ২টি রুম জরুরিভিত্তিতে মেরামত করার বিষয়টি নিষ্পত্তি হয়নি মর্মে সভায় জানানো হয়।	তহবিল প্রাপ্যতা সাপেক্ষে কোয়ার্টার মেরামত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ, বান্দরবান।
	১০.২)বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি ঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাণিসম্পদ একাডেমিক ভবন প্রতিষ্ঠার লক্ষ্যে প্রাথমিকভাবে নির্বাচিত জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলমান।	প্রাণিসম্পদ বিভাগের একাডেমিক ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ প্রক্রিয়া গ্রহণ করতে হবে।	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান।
১১	ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান ঃ ১১.১)অনলাইনের মাধ্যমে বিভিন্ন বিষয়ের সাংস্কৃতিক প্রতিযোগিতা সম্পন্ন করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন।	অবহিত হওয়া গেল।	পরিচালক, কেএসআই, বান্দরবান।
	১১.২) বিশেষ কার্যক্রম ঃ ক্ষুদ্র নৃগোষ্ঠির সংস্কৃতিকে ধরে রাখার মানসে নৃগোষ্ঠিভিত্তিক ঐতিহ্যগত হস্তশিল্প সংরক্ষণের কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	গৃহিত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	পরিচালক, কেএসআই, বান্দরবান।
১২	যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান ঃ ১২.১) যুব কর্ণার স্থাপন ঃ জেলা ও উপজেলা কার্যালয়ে আত্মকর্মীদের নিজস্ব উৎপাদিত পণ্যগুলো সঠিকভাবে প্রদর্শনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ইয়ুথ কর্ণার স্থাপনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।	দায়িত্বপ্রাপ্ত সদস্য এর সাথে আলোচনা করে প্রতি উপজেলায় ১টি ইয়ুথ সেন্টার/কর্ণার স্থাপনের উদ্যোগ নিতে হবে।	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।
	১২.২) প্রশিক্ষণ সংক্রান্ত ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রশিক্ষণে (সেলাই, কম্পিউটার) কৃতিত্ব অর্জনকারীদের উৎসাহ ও উদ্দীপনা বৃদ্ধির লক্ষ্যে অংশগ্রহণকারীদের মধ্যে পুরস্কার প্রদানের বিষয়ে পরিষদ হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য উপ-পরিচালক, যুব অধিদপ্তর সভায় অনুরোধ করেন।	বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে বিশেষ কৃতিত্ব অর্জনকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে পুরস্কার প্রদানের পূর্ণাঙ্গ প্রস্তাব পরিষদে প্রেরণ করতে হবে।	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।

চলমান- ০৭

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	১২.৩) জনবল সংক্রান্ত ঃ যুব উন্নয়ন অধিদপ্ত এর অনুমোদিত জনবলের শূন্যপদ পূরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রদানের জন্য পত্র লেখা হয়েছে। এ পরিষদের প্রেরিত পত্রের বরাতে মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র লেখা হয়েছে। শূন্য পদের বিবরণী ঃ **ক) ক্যাডার ও নন-ক্যাডারভুক্ত কর্মকর্তা ঃ** ক্রঃ নং | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ ০১ | ১৫ | ০৫ | ১০ **খ) ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী শূন্যপদ :** ক্রঃ নং | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ ০১ | ৫৩ | ২৫ | ২৮	শূন্যপদ পূরণের লক্ষ্যে মন্ত্রণালয়ের ছাড়পত্র পাওয়ার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।
১৩	**জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বান্দরবান ঃ** জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্রের নির্ধারিত লক্ষমাত্রার ৮০% অর্জন করেছে মর্মে উপ-পরিচালক সভায় অবহিত করেন। উক্ত কার্যালয়ে একজন মাস্টাররোল বেসিসে ড্রাইভার নিয়োগ দেয়ায় জেলা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	অবহিত হওয়া গেল।	উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বান্দরবান।
১৪	**বিসিক ঃ** উপ-ব্যবস্থাপক, বিসিক বান্দরবান সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। সভায় অনুপস্থিতির কারণ ব্যাখ্যা প্রদান করতে হবে।	উপ-ব্যবস্থাপক, বিসিক, বান্দরবান।
১৫	**তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান ঃ** বান্দরবান সদরস্থ রেইছা তুলা উন্নয়ন গবেষণা কেন্দ্রের জমিতে অবৈধভাবে বসতবাড়ি ও অন্যান্য স্থাপনা গড়ে উঠায় জায়গাটি বেহাত হবার উপক্রম। সরকারি জমি সুরক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যেনিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয়: ১। জনাব দুংড়িমং, সম্মানিত সদস্য, এ পরিষদ- আহবায়ক ২। নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ - সদস্য ৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড,- সদস্য ৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, তুলা গবেষণা কেন্দ্র - সদস্য- সচিব	গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা বান্দরবান।
১৬	**মৎস্য বিভাগ ঃ** **১৬.১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ঃ** জেলা মৎস্য কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল উপজেলায় নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন চলছে। সুয়ালকস্থ মৎস্য হ্যাচারীতে পোনা চাষের কার্যক্রম অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়।	পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। হ্যাচারী কার্যক্রমের পূর্ণাঙ্গ প্রতিবেদন পরিষদে পেশ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য বিভাগ, বান্দরবান।
	১৬.২) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্যচাষ উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প ঃ উক্ত প্রকল্পের আওতায় বান্দরবান পার্বত্য জেলার প্রতিটি উপজেলায় প্রাথমিকভাবে চারটি করে ক্রীক নির্বাচন করা হয়। প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক, রাঙ্গামাটি কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়।	প্রকল্প বাস্তবায়নের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সদস্য এবং পরিষদকে অবহিত করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য বিভাগ, বান্দরবান।
	১৬.৩) মাছে ফরমালিন মেশানো প্রতিরোধ ঃ জেলা মৎস্য কর্মকর্তা, বান্দরবান জানান,ফরমালিনযুক্ত মাছ বিক্রি প্রতিরোধকল্পে প্রতিটি উপজেলায় মাছে ফরমালিনের উপস্থিতির পরীক্ষা করা হয়।	মাছে ফরমালিন ব্যবহার রোধকল্পে বাস্তবায়িত কার্যক্রমে প্রতিবেদন পরিষদ দাখিল করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য বিভাগ, বান্দরবান।
	১৬.৪) মোবাইল কোর্ট পরিচালনা ঃ জেলা মৎস্য কর্মকর্তা, বান্দরবান জানান, মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করার লক্ষ্যে প্রতিটি উপজেলায় নিয়মিত মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হচ্ছে।	মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে মোবাইল কোর্ট মোবাইল কোর্ট পরিচালনার বিস্তারিত প্রতিবেদন পরিষদে প্রেরণের জন্য তাগিদ দেয়া হলো।	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য বিভাগ, বান্দরবান।

চলমান- ০৮

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	১৬.৫) মৎস্য খাদ্যের মান পরীক্ষাকরণ ঃ নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিতকল্পে প্রতি উপজেলার মাছের খাদ্যের খুচরা এবং পাইকার দোকানে গুণগতমান ও ক্ষতিকারক পদার্থের উপস্থিতি আছে কিনা তা পরীক্ষা করা হয়। ভেজাল খাদ্য বিক্রেতা ও উৎপানকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়।	নিয়মিত তদারকি কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন পরিষদে প্রেরণের জন্য তাগিদ দেয়া হলো।	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য বিভাগ, বান্দরবান।
১৭	**সমবায় বিভাগ, বান্দরবান ঃ** **১৭.১) সমিতি অডিট সংক্রান্ত ঃ** জেলা সমবায় কর্মকর্তা, বান্দরবান জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। লকডাউনের কারণে সীমিত আকারে অডিট কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।	অবহিত হওয়া গেল।	জেলা সমবায় কর্মকর্তা, বান্দরবান।
	১৭.২) জনবল নিয়োগ ঃ সমবায় বিভাগের বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক পূরণযোগ্য পদ পূরণের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য পরিষদ হতে পত্র লেখা হয়েছে। এখনো প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়নি। পরিষদ কর্তৃক প্রেরিত পত্রের বরাতে পার্বত্য মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে অগ্রায়ন করা হয়েছে।	শূন্যপদ পূরণের লক্ষ্যে প্রশাসনিক ছাড়পত্র পাওয়ার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে অগ্রগতি জানাতে হবে।	জেলা সমবায় কর্মকর্তা, বান্দরবান।
	১৭.৩) ট্রেডভিত্তিক ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন ঃ সমবায় বিভাগের নিবন্ধিত সমবায়ীদের ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে আত্মকর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পরিষদের অর্থায়নে ট্রেনিং কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে পুনরায় আলোচনা হয়।	DPP প্রণয়ন করে পরিষদে দাখিল করতে হবে।	জেলা সমবায় কর্মকর্তা, বান্দরবান।
১৮	**জেলা শিল্পকলা একাডেমী ঃ** সাধারণ সম্পাদক জানান যে, পরবর্তী ০৩ বছরে- যথাক্রমে ২০১৮, ২০১৯, ২০২০ সালেরসংস্কৃতির ক্ষেত্রে গুণীজনদের সম্মাননা প্রদানের লক্ষ্যে চূড়ান্ত বাছাই কার্যক্রম চলমান আছে। এ ছাড়া গত ১৯ ফেব্রুয়ারি বাংলাদেশ শিল্পকলা একাডেমির ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন, বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে উপজীব্য করে লেখা নাটক 'অমোঘ তোমার বাণী' মঞ্চায়ন, ২৬ মার্চ চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন এবং ১৩ ফেব্রুয়ারি শহীদ মিনার পরিষ্কার-পরিচ্ছন্ন কর্মসূচি সম্পন্ন করা হয়েছে।	পরবর্তী গুণীজন তালিকা চূড়ান্ত করে সম্মাননা প্রদানের ব্যবস্থা করতে হবে।	সেক্রেটারী, জেলা শিল্পকলা একাডেমী, বান্দরবান।
১৯	**ক্রীড়া পরিদপ্তর ঃ** জেলা ক্রীড়া অফিসার জানান, বিভাগীয় কার্যক্রম চলমান আছে। জেলার ০৭ টি উপজেলায় - ০৩ টি প্রশিক্ষণ, ০৬টি প্রতিযোগিতা এবং অটিজম শিশুদের জন্য ক্রীড়া ও গ্রামীণ খেলাধুলার মাধ্যমে ক্রীড়া উৎসব পালন কর্মসূচি চলমান। ক্রীড়া অফিসে অফিস সহকারীর পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়।	শূন্যপদ পূরণে ছাড়পত্রের জন্য মন্ত্রণালয়ে অধিদপ্তরে যোগাযোগ করতে হবে।	জেলা ক্রীড়া অফিসার, বান্দরবান
২০	**সরকারী গণগ্রন্থাগার ঃ** লাইব্রেরী ইনচার্জ জনান, ০২/০৩/২০২১খ্রিঃ তারিখ হতে লাইব্রেরীতে পাঠকের সেবা কার্যক্রম চালু করা হয়েছে।	অবহিত হওয়া গেল। স্বাস্থবিধি মেনে পাঠক সেবা কার্যক্রম চালু রাখতে হবে।	লাইব্রেরী ইনচার্জ, জেলা সরকারী গণগ্রন্থাগার, বান্দরবান।
২১	**বিএডিসি (সেচ) ঃ** সহকারী প্রকৌশলী (সেচ), সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্পর্কে জানা সম্ভব হয়নি।	নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে এবং সভায় অনুপস্থিতির বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে।	নির্বাহী প্রকৌশলী (সেচ), বিএডিসি, বান্দরবান।
২২	**এগ্রো সার্ভিস সেন্টার ঃ** উপ-পরিচালক, এগ্রো সার্ভিস সেন্টার জানান, চলতি অর্থ বছরের লক্ষমাত্রা পূরণের জন্য চারা কলম উৎপাদন কার্যক্রম চলছে।	বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ দেয়া হলো।	উপ-পরিচালক, এগ্রো সার্ভিস সেন্টার, বান্দরবান।

ক্রমনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২৩	**পর্যটন সংক্রান্ত ঃ** **২৩.১) পর্যটন মোটেলে সেবা সংক্রান্ত ঃ** বান্দরবান পর্যটন মোটেলে স্বাভাবিক সেবা কার্যক্রম অব্যাহত আছে। বাংলাদেশ গেমস এর অংশগ্রহণকারী খেলোয়ার/কর্মকর্তাদের ৫০% ডিসকাউন্টে আবাসন সুবিধা দেওয়া হয়েছে মর্মে ইউনিট ব্যবস্থাপক সভায় জানান।	অবহিত হওয়া গেল। মানসম্মত খাবার এবং সেবা প্রদানে আরো যত্নশীল হবে হবে।	ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল, বান্দরবান।
	২৩.২) পর্যটন হস্তান্তর চুক্তি পর্যালোচনা ঃ স্থানীয় পর্যটন উন্নয়নে জেলা পরিষদ এবং পর্যটন করপোরেশনের যৌথ সমন্বয়ে বিশেষ উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে ব্যাপক আকারে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ লক্ষ্যে হস্তান্তর চুক্তি সংশোধন পূর্বক পর্যটন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের পরিধি বৃদ্ধি করা যায়।	পর্যটন হস্তান্তর চুক্তি সংশোধনের প্রস্তাবনা প্রণয়ন পূর্বক উক্ত বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।	১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ। ২। ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল, বান্দরবান।
২৪	**বাজার ফান্ড সংস্থা, বান্দরবান ঃ** **২৪.১) প্লটের লীজ নবায়ন ঃ** বাজার ফান্ডভুক্ত সকল বাজারের প্লটের লীজ নবায়নের বিষয়ে বিশেষ করে সরকারি বিভিন্ন দপ্তর ও সংস্থার নামে লীজকৃত প্লটের নবায়ন ও খাজনা নিয়মিত আদায় নিশ্চিতকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	বর্তমানে কতটি প্লটের লীজ মেয়াদোত্তীর্ণ রয়েছে তালিকা দাখিল করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।
	২৪.২) পুকুর ইজারা সংক্রান্ত ঃ ইতিমধ্যে বাজার ফান্ড আওতাভুক্ত সকল পুকুর ইজারা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কিন্তু লকডাউনের কারণে কোনো আগ্রহী ব্যক্তি/ইজারাদার পাওয়া যায়নি। তাই পুন: ইজারা প্রদানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	পুনরায় ইজারা বিজ্ঞপ্তি দেওয়ার সিদ্ধান্ত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বান্দরবান বাজার ফান্ড ,বান্দরবান ও প্রধান সহকারী, বাজার ফান্ড।
	২৪.৩) লামা বাজার পুকুর ঃ লামা বাজার পুকুরটি বহু আগে বাজার ফান্ড কর্তৃক ক্রয়কৃত। কিন্তু ক্রয়কৃত জমি নামজারি না হওয়ার কারণে বাজার ফান্ডের মালিকানার রেকর্ডপত্র সৃজন না হওয়ায় এ বিষয়ে উদ্ভুত বিরোধ নিস্পত্তি করা সম্ভব হয়নি।	পুকুরের মালিকানা বিষয়ে মামলা চলমান। মামলার পরবর্তী শুনানীর জন্য প্রয়োজনীয় রেকর্ড-পত্র সংগ্রহ করে রেকর্ড সংশোধনের ব্যবস্থা নিতে হবে।	
	২৪.৪) ধোপা পুকুরে স্থাপিত অবৈধ নলকূপ অপসারণ ঃ বাজার ফান্ডের মালিকানাধীন ধোপা পুকুরে কতিপয় ব্যক্তি অবৈধভাবে গভীর নলকূপ স্থাপন এবং শৌচাগারের পানি সরাসরি পুকুরে ফেলে পরিবেশ দূষিত করণের বিষয়টি গঠিত কমিটির আহবায়ক জনাব মো: মোজাম্মেল হক বাহাদুর কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনের প্রতিবেদন পাওয়া যায়নি।	১। পরিদর্শন প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় তাগিদ দেয়া হয়। ২। প্রতিবেদন পাওয়ার পর ধোপা পুকুরের সীমানা চিহ্নিতকরণ ও অবৈধ দখল উচেছদ এর নোটিশ দিতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা ও পরিষদের মাসিক সভায় গঠিত কমিটি।
	২৪.৫) রুমা বাজার শেড সংলগ্ন জায়গা বরাদ্দ সংক্রান্ত ঃ রুমা বাজার শেড/রেস্ট হাউসের সম্মুখে খালি জমিটি লীজ প্রদান করায় গ্রহীতা কর্তৃক রেস্টহাউসের সম্মুখে পাকা দালান নির্মাণ করায় প্রবেশপথে প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ার বিষয়ে গত সভায় সিদ্ধান্তমতে কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন করা সম্ভব হয়নি মর্মে সভায় জানা যায়।	জায়গাটি সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটিকে তাগিদ দেয়া হলো।	সংশ্লিষ্ট কমিটি ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড, বান্দরবান
	২৪.৬) রুমা বাসষ্টেশনে বাজার স্থাপন প্রসঙ্গে ঃ রুমা ব্রীজ সংলগ্ন বাসষ্টেশনে নতুন বাজার স্থাপনের জন্য উপযুক্ত জমি অনুসন্ধান করা হয়েছে। সেখানকার জমির মালিক জমি বিক্রি করতে রাজি নয় মর্মে সম্মানিত সদস্য জনাব জুয়েল বম সভায় জানান।	প্রস্তাবিত স্থানে বা রুমার আশে-পাশের এলাকায় বাজার ফান্ডের নিয়ন্ত্রণে নতুন বাজার স্থাপনের জন্য উপযুক্ত জমি অনুসন্ধান করে পরবর্তী সভায় প্রতিবেদন দিতে হবে।	জনাব জুয়েল বম, সম্মানিত সদস্য, এ পরিষদ ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা।
	২৪.৭)চাকঢালা বাজার ঃ চাকঢালা বাজার শেড পুন:নির্মাণ ও বাজার ট্রেসম্যাপ তৈরীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বাজার শেড পুন:নির্মাণ ও বাজার ট্রেসম্যাপ অনুমোদনের বিষয়ে যথাযথ পদক্ষেপ নিতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২৪.৮) ডলুছড়ি বাজার ঃ ডলুছড়ি বাজার পরিদর্শন করা হয়েছে। সীমানা চিহ্নিতকরণ পিলার স্থাপন ও বাজারের ট্রেসম্যাপ করা হয়েছে। ডলুছড়ি বাজার এলাকায় জনাব মো: ইকবাল গং এর দাবী অনুসারে আর/ ১৮ নং হোল্ডিংভুক্ত ২.০০(দুই) একর জমি রেকর্ডভুক্ত আছে। তন্মধ্যে ৭০ শতক জমিতে ডলুছড়ি বাজার এর একাংশ গড়ে উঠেছে। উক্ত ৭০ শতক জমির পরিবর্তে তারা ১০টি দোকান প্লট তাদের নামে করে দেয়ার জন্য দাবী করেছে।	১) প্রস্তুতকৃত ট্রেসম্যাপ সভায় অনুমোদন করা হয়। বাজার ফান্ডের অনুকূলে ১০-১৫টি প্লট সংরক্ষণের পর যদি থাকে বাকি প্লট লীজ প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২) আর/১৮৫ নং হোল্ডিং এর মালিক মো: ইকবাল করিম গং এর দাবী অনুসারে তাদের নামে রেকর্ডীয় ৭০ শতক জমি বাজার ফান্ডের অনুকূলে হস্তান্তর/নামজারির ব্যবস্থা করতে হবে। মালিক পক্ষকে ০৬টি প্লট বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান ও প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।
	২৪.৯)তমক্রু বাজার ঃ তমক্রু বাজারে পর্যাপ্ত খালি জায়গা না থাকায় আলাদা করে গরু বাজার বসানোর লক্ষ্যে জমি নির্বাচন ও ক্রয়ের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	তমক্রু বাজারে সন্নিকটে বাজার ফান্ডের নিয়ন্ত্রণে আলাদা গরু বাজার স্থাপন করার লক্ষ্যে জমি নির্বাচন ও ক্রয়ের ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।	ভূমি কমিটি এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।
	২৪.১০)বলিপাড়া বাজার : বলিপাড়া বাজারের সীমানা বিরোধ নিরসনের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়। লকডাউনের কারণে বিষয়টি নিষ্পত্তি করা যায়নি মর্মে সভায় জানানো হয়।	সীমানা বিরোধ নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট পক্ষগণের সাথে বিশেষ সভা করে পরবর্তী ব্যবস্থা নিতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।
	২৪.১১) কালাঘাটা এলাকায় বাজার স্থাপন ঃ কালাঘাটা এলাকায় বাজার ফান্ডের অধীন ১টি বাজার স্থাপনের লক্ষ্যে প্রাথমিকভাবে সাইট নির্ধারণ ও জমি মালিকের সাথে আলোচনা করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। জমি পরিমাণ : ২.০০ একর এবং মালিক পক্ষের সাথে জমির দাম নির্ধারণের লক্ষ্যে আলোচনা করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	কালাঘাটা এলাকায় বাজার স্থাপনের জন্য জমি অনুসন্ধান ও ন্যায্যমূল্যে জমি ক্রয়ের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	ভূমি কমিটি এবং ভূমি কর্মকর্তা, এ পরিষদ।
	২৪.১২) নাইক্ষ্যংছড়ি বাজার সংক্রান্ত জটিলতা নিরসন ঃ নাইক্ষ্যংছড়ি বাজারের জমি মালিকানা সংক্রান্ত জটিলতার কারণে দীর্ঘদিন ধরে ইজারা প্রদান করা যায়নি। ইতিমধ্যে উক্ত মামলার রায় হয়েছে। উক্ত রায়ে বাজার ফান্ডের ৩.০০ একর জায়গার মধ্যে ১২৯ খতিয়ানভুক্ত ১.৩৬ একর জমি আপত্তিকারীদের (আয়েশা গং) মালিকানাধীন হিসেবে সাব্যস্ত হয়েছে এবং বাকী ১.৬৪ একরের মধ্যে ১২৫ খতিয়ানভুক্ত ০.৯৮ একর (আটানব্বই শতক) ও ০১ নং খতিয়ানভুক্ত ০.৬৬ একর (ছয়ষট্টি শতক) জমি বাজার ফান্ডের মালিকানাধীন হিসেবে রেকর্ডভুক্ত আছে। বাজার ফান্ডের মালিকানাধীন জমিতে গড়ে ওঠা বাজার ইজারা প্রদান এবং বাজার কার্যক্রম পরিচালনার জন্য নতুন করে বাজার চৌধুরী নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়। নাইক্ষ্যংছড়ি বাজারের সমস্যা সমাধানের জন্য নিম্নরুপভাবে কমিটি গঠন করা হয়: ১। মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, এ পরিষদ ---- আহবায়ক ২। ক্যনে ওয়ান চাক সম্মানিত সদস্য, এ পরিষদ ---- সদস্য ৩। প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ ---- সদস্য ৪। প্রধান সহকারী, বাজার ফান্ড ----- সদস্য ৫। কানুনগো, ভূমি শাখা, এ পরিষদ ----- সদস্য ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড --- সদস্য -সচিব	নাইক্ষ্যংছড়ি বাজারের রেকর্ড-পত্র ও মামলা রায় পর্যালোচনা করে বাজারের সীমান চিহ্নিতকরণ ও বাজার পরিচালনার জন্য দক্ষ বাজার চৌধুরী নিয়োগ এবং বাজার ইজারা প্রদানের ব্যবস্থা নিতে হবে। সংশ্লিষ্ট কমিটি নাইক্ষ্যংছড়ি বাজার পরিদর্শন এবং সংশ্লিষ্ট পক্ষের সাথে আলোচনা করে প্রতিবেদন দাখিল করবেন।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা ও সংশ্লিষ্ট কমিটি।
	২৪.১৪) রেইছা বাজারে প্লট হস্তান্তর ঃ বাজার ফান্ড কর্তৃপক্ষকে না জানিয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক রেইছা বাজারে শহীদ মিনার স্থাপন করার ফলে প্লট হস্তান্তরে জটিলতা দেখা দিয়েছে। গত সভায় সিদ্ধান্ত অনুযায়ি নির্মিত শহীদ মিনারটি অন্যত্র সরানোর বিষয়ে উন্নয়ন বোর্ডকে পত্র লেখা হয়নি মর্মে জানা যায়।	শহীদ মিনার অপসারণের বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে পত্র লিখতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান ও প্রধান সহকারী।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২৪.১৩) বাইশারী বাজারের পুরাতন বাজার শেড নিলাম প্রসঙ্গে ঃ পরিষদের সম্মানিত সদস্য জনাব মোজাম্মেল হক বাহাদুর জানান যে, বাইশারী বাজারের পুরাতন বাজার শেড এর জমিতে এলজিইডি'র অর্থায়নে একটি বহুতল ভবন নির্মাণের জন্য দরপত্র আহবান করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। তাই পুরাতন বাজার শেডটি অতিদ্রুত নিলাম প্রদানের মাধ্যমে অপসারণ করে জায়গাটি খালি করে দেয়া প্রয়োজন।	অতিদ্রুত পুরাতন বাজার শেডটি নিলাম দিয়ে বহুতল ভবন নির্মানের জন্য জায়গা খালি করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড।
	২৪.১৫) বাইশারী বাজার সংলগ্ন পুকুরের মালিকানা সংক্রান্ত ঃ সম্প্রতি এ পরিষদের সদস্য জনাব মোজাম্মেল হক বাহাদুরসহ বাইশারী বাজার সংলগ্ন পুকুর পরিদর্শন করা হয়েছে। বাজার কমিটি এবং পুকুরের শরীকদারদের নিয়ে বৈঠকও হয়েছে। বাজার ফান্ডের তৎসময়ে প্রস্তুতকৃত ট্রেসম্যাপে উক্ত পুকুরটি বাজার ফান্ডভুক্ত আছে।উক্ত পুকুরের জমি বাজার ফান্ডের অনুকূলে হস্তান্তর হয়েছিল এবং জমির মূল্যও একাংশ পরিশোধ করা হয়েছিল মর্মে বাজার চৌধুরী জানিয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। নামজারি করে জমির রেকর্ড বাজার নামে সংশোধন না হওয়ায় পুকুরের মালিকানা সৃষ্টি হয়নি।	পুনরায় ওয়ারিশদারদের ডেকে বৈঠক করে আলোচনার মাধ্যমে নামজারির ব্যবস্থা করতে হবে।	সম্মানিত সদস্য জনাব মোজাম্মেল হক বাহাদুর ও জনাব ক্যনেওয়ান চাক, সদস্য, এ পরিষদ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড।
	২৪.১৬) থানচি বাজার সংক্রান্তঃ থানছি বাজারে পরিষদ কর্তৃক নবনির্মিত রেষ্ট হাউজ ভবনটির নীচতলায় শুটকি, মাছ-মাংস, শাকসবজি বাজার বসালে রেস্ট হাউসের পরিবেশ অনুকূল থাকবে না। তাই তাদের জন্য অন্যত্র খোলা বাজারের ব্যবস্থার জন্য বাজার চৌধুরী সভায় প্রস্তাব করেন। এ প্রসঙ্গে উপজেলা চেয়ারম্যান থানছি বলেন যে, রেস্ট হাইসের নীচতলায় মাছ-মাংস বাজার বসালে পরিবেশ নোংরা হতে বাধ্য। তাই অন্যত্র খালি স্থানে বাজার শেড নির্মাণ করে দেয়ার মত প্রকাশ করেন। সার্বিক পর্যালোচনান্তে অন্যত্র বাজার শেড স্থাপনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়। কমিটি নিম্নরুপ ঃ ১. জনাব শৈক্লাচিং বাশৈচিং মার্মা, সম্মানিত সদস্য - আহবায়ক ২. জনাব থোয়াই ক্লামং, উপজেলা চেয়ারম্যান, থানছি - সদস্য ৩. জনাব খামলাই ম্রো, বাজার চৌধুরী, থানছি - সদস্য ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড - সদস্য-সচিব	১। গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে শাক-সবজি, মাছ-মাংস ও শুটকি বিক্রির জন্য ২/৩ তলা বিশিষ্ট ভবন নির্মাণের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী আগামী সভায় প্রাক্কলন দাখিল করবেন। ২। থানছি বাজারে নবনির্মিত রেস্ট হাউসটি বাজার ফান্ডের তত্ত্বাবধানে বুঝে নিয়ে ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে।	সংশ্লিষ্ট কমটি ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড।
	২৪.১৭) বাজার ফান্ডের নিজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত ঃ বাজার ফান্ডের নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বাজারে ভবন/মার্কেট/স্থাপনা নির্মানের বিষয়ে আলোচনা হয়। কোন্ কোন্ বাজারে স্থাপনা নির্মাণ করা যাবে তার তালিকা তৈরী করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। এ লক্ষ্যে একটি নিম্নমতে কমিটি গঠন করা হয় : ১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ - আহ্বায়ক ২। জনাব মোজাম্মেল হক বাহাদুর, সদস্য, এ পরিষদ - সদস্য ৩। অন্যান্য ০৬টি উপজেলার সদস্য, এ পরিষদ - সদস্য ৪। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, এ পরিষদ - সদস্য ৫। প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ - সদস্য ৬। বাজার চৌধুরী, সংশ্লিষ্ট বাজার - সদস্য ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বা/বান - সদস্য-সচিব	বাজার ফান্ডের আয় বৃদ্ধির লক্ষ্যে কোন্ কোন্ বাজারে স্থাপনা/মার্কেট নির্মাণ করা যাবে এবং আরো অন্যান্য কি কি পদক্ষেপ নেয়া দরকার সে লক্ষ্যে আলাদা বৈঠক করে পরিকল্পনা তৈরী করে পরিষদে দাখিল করতে হবে। ২) বাজার ফান্ডের নিয়ন্ত্রণাধীন বাজারসমূহে বিদ্যমান খালি প্লট বাজার ফান্ডের নামে সংরক্ষণ করতে হবে। তাই এখন হতে বাজার প্লট লীজ দেয়া বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সংশ্লিষ্ট কমিটি ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড।
	২৪.১৮) বাজার ইজারা সংক্রান্ত : বান্দরবান বাজার ফান্ড সংস্থার আওতাধীন ১৮ টি বাজার হতে টোল-ট্যাক্স আদায়ের লক্ষ্যে ইজারা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সরকারি লকডাউন থাকায় নিয়মিত বাজার না বসাতে এবং ব্যবসায়ীদের পদচারণা কম থাকায় ইজারাদার আর্থিক ক্ষতির সম্মুখিন হয়েছে। তাই তারা প্রণোদনা হিসেবে বর্তমান ইজারামূল্যের আশিক টাকা ফেরৎ প্রদানের দাবীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সরকারি লকডাউন অব্যাহত থাকায় এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাজারসমূহ বর্তমান (২০২০-২০২১ অর্থ বছর) ইজারাদরে সংশ্লিষ্ট ইজারাদারদেকে আগামী অর্থ বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড সংস্থা, বান্দরবান।

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২৫।</td><td>২৫.১) <u>উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন</u> ঃ
পার্বত্য জেলা পরিষদ কর্তৃক চলতি ২০২০- ২০২১অর্থ বছরে গৃহিত পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ও পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার এর আওতায় নতুন চলমান প্রকল্পসমূহের তথ্যাদি নিম্নে দেওয়া হলো ঃ-
<table>
<tr><th>খাত</th><th>প্রকল্প সংখ্যা</th><th>মোট</th></tr>
<tr><td>২২১০০০৯০০ (বিশেষ)</td><td>চলমান প্রকল্প = ৩৩টি
নতুন প্রকল্প = ৯৮টি</td><td>১৩১টি</td></tr>
<tr><td>২২১০০১০০০ (এডিপি)</td><td>নতুন প্রকল্প = ৬৫টি</td><td>৬৫টি</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট =</td><td>২০৪ টি</td></tr>
</table>
চলতি ২০২০-২০২১ অর্থ বছরে কোড নং: ২২১০০০৯০০ (বিশেষ) এর আওতায় গৃহিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি প্রনয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। গৃহিত ৯৮টি নতুন প্রকল্পসমূহ ইজিপির মাধ্যমে টেন্ডার আহবান প্রক্রিয়াও সমাপ্ত হয়েছে। ৯৮টি প্রকল্পের মধ্যে ৯৩টি প্রকল্পের কাজ চলমান আছে। কোড নং: ২২১০০১০০০ (ইডিপি) এর আওতায় গৃহিত ৬৫টি প্রকল্পের কাজ চলমান আছে।</td><td>অবহিত করা আছে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।</td></tr>
<tr><td></td><td>২৫.২) <u>বিশেষ উন্নয়ন প্রকল্প গ্রহণ</u> ঃ
বাজার ফান্ড এবং পরিষদের নিজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বাজারে খালি প্লটে বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে বিশেষ প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় পুনরায় আলোচনা হয়।</td><td>১। প্ল্যান ও ডিজাইন করে আগামী সভায় পেশ করতে হবে।
২। কোন কোন বাজারে ভবন নির্মাণ করা যাবে তার তালিকা প্রকৌশল বিভাগকে সরবরাহ করতে হবে।</td><td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড
ও
নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td><u>২৫.৩) পরিষদের অর্থায়নে কিয়:কমলং এলাকায় পার্ক নির্মাণ সংক্রান্ত:</u> পরিষদের অর্থায়নে ক্রয়কৃত জমিতে পার্ক নির্মাণের বিষয়ে পরিষদের সম্মানিত সদস্য জনাব ক্য সা প্রু জানান যে, মাননীয় চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার আলোকে ইতিমধ্যে সংশ্লিষ্ট বিষয়ের কনসালটেন্ট টিম এবং কানুনগো -কে নিয়ে তিনি সরজমিনে পরিদর্শন করেছেন। প্রকল্পটি বাস্তবায়নের জন্য আগামী ২০২১-২০২২ অর্থ বছরে প্রস্তাবিত প্রকল্প তালিকায় অর্ন্তভূক্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী-কে অনুরোধ করা হয়।</td><td>নির্বাহী প্রকৌশলী প্রকল্পটি আগামী ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়নে উদ্দেশ্যে তালিকাভূক্ত করবেন।</td><td>নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৫.৪) প্রকল্প নাম পরিবর্তন সংক্রান্ত :
পরিষদের ২০২০-২১ অর্থবছরের বিশেষ ২২১০০০৯০০(৫০১০) কোডের আওতায় গৃহিত/অনুমোদিত "লামা আজিজনগর মেস কলোনীর পাশে খালেকের বাড়ি হতে জামে মসজিদ পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ " নির্মাণ প্রকল্পটিপূর্বে নির্ধারিত সাইটটি ব্যক্তি মালিকানাধীন জমি হওয়ায় জটিলতার কারণে লে-আউট প্রদান করা যায়নি। তাই উক্ত জায়গার পরিবর্তে অন্যত্র সুবিধাজনক স্থানে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত কামনা করা হয়।</td><td>বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত ২টি জায়গায় উক্ত ড্রেন নির্মাণের প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।
(ক) লামা আজিজনগর চান্দি কলেজের সামনের মার্মা পাড়াস্থ ড্রেন থেকে হাবিবুর রহমানের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ এবং
(খ) আজিজনগর চেয়ারম্যান পাড়া এলাকার স'মিল এর পিছনে আকবর মাষ্টারের বাড়ী হতে ঝিড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ।</td><td>নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ</td></tr>
<tr><td></td><td>২৫.৫)২০২১-২০২২ অর্থ বছরের জন্য উন্নয়ন প্রকল্প বাছাই :
পরিষদের উন্নয়ন প্রকল্প কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের স্বার্থে প্রকল্প বাছাই ও ডিজাইন-এস্টিমেট প্রস্তুত সম্পন্ন করার বিষয়ে সভায় বিশেষভাবে গুরুত্বারোপ করা হয় ।</td><td>জুন, ২০২১ এর মধ্যে উন্নয়ন প্রকল্প তালিকা বাছাই ও প্রকল্পসমূহের ডিজাইন-এস্টিমেট প্রস্তুত সম্পন্ন করতে হবে।</td><td></td></tr>
<tr><td>২৬</td><td>ভূমি বিভাগ ঃ
২৬.১) <u>পরিষদ এলাকাধীন খাসজমি বন্দোবস্তি সংক্রান্ত</u> ঃ
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ক্যাম্পাস হিসেবে নির্ধারিত এবং পরিষদ কর্তৃক ভোগদখলীয় ৪১.১০ একর প্রায় খাস জমি বন্দোবস্তি প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় এরিয়া গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ক্যাম্পাসের ৪১.১০ একর খাস জমি পরিষদের নামে বন্দোবস্তি প্রাপ্তির বিষয়ে দ্রুত প্রক্রিয়া গ্রহণ করতে হবে।</td><td>ভূমি কর্মকর্তা, এ পরিষদ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>২৬.২) <u>পরিষদ ক্যাম্পাসে ক্রয়কৃত জমি নামজারি সংক্রান্ত :</u>
পরিষদ ক্যাম্পাস এলাকায় ক্রয়কৃত ২৪ একর জমির পরিষদের নামে রেকর্ডভূক্ত করার লক্ষ্যে ০৬টি মিস মামলা রুজু করা হয়। তন্মধ্যে ০৩টি মিস মামলার নিষ্পত্তি আদেশ অনুযায়ী ১২ একর জমি পরিষদের নামে রেকর্ডভূক্ত হয়। উক্ত ০৩টি মিচ মামলার সাথে সংশ্লিষ্ট জমি বিক্রেতাগনের রিভিশনের প্রেক্ষিতে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালতে রুজুকৃত মিস রিভিশন মামলাসমূহ বর্তমানে জেলা প্রশাসক, বান্দরবান কার্যালয়ে চলমান মর্মে সভায় জানা যায়।বিবরণ :
মিস রিভি: মামলা নং- ০৩(বান্দরবান)/২০১৫,
মিস রিভি: মামলা নং- ১৫ (বান্দরবান) /২০১৫ এবং
মিস রিভি: মামলা নং- ১৬ (বান্দরবান)/২০১৫)</td><td>১। বর্ণিত ০৩টি মিস রিভিশন মামলার অধিকতর শুনানীতে অংশ গ্রহণসহ যথাযথভাবে মামলা পরিচালনা করতে হবে।

২। অপর ০৩টি মিস মামলার হাল অবস্থা জেনে পরবর্তী ব্যবস্থা নিতে হবে।</td><td>ভূমি কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
কানুনগো, এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৬.৩) <u>তুমব্রু এলাকায় বাজার স্থাপন ও ডাকবাংলো নির্মাণ</u> ঃ
ঘুমধুম ইউনিয়নের তুমব্রু এলাকায় ১টি বাজার স্থাপন ও পরিষদ ডাকবাংলো নির্মাণের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। উক্ত এলাকাটি অদূর ভবিষ্যতে বাংলাদেশ-মায়ানমার রুট ট্রানজিট হিসেবে পরিগণিত হবে। তাই সেখানে একটি নতুন বাজার স্থাপন ও ডাকবাংলো নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় জমি ক্রয়ের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।</td><td>উক্ত এলাকা সরেজমিন পরিদর্শন করে উপযুক্ত জমি নির্বাচন ও জমির মালিকের সাথে আলোচনা পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নমতে কমিটি গঠন করা হয়।
১। জনাব ক্যানেওয়ান চাক, সদস্য, এ পরিষদ
২। উপজেলা চেয়ারম্যান, নাইক্ষ্যংছড়ি
৩। কানুনগো, এ পরিষদ।</td><td>জনাব ক্যানে ওয়ান চাক, সম্মানিত সদস্য,
উপজেলা চেয়ারম্যান, নাইক্ষ্যংছড়ি
ও
কানুনগো, এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৬.৪) <u>ভূমিহীন পরিবারকে গৃহনির্মাণের জন্য ০২ শতাংশ খাস জমি বন্দোবস্তি মামলা পূর্বানুমোদন</u> ঃ
মুজিব শতবর্ষ উপলক্ষে সরকারি সিদ্ধান্তের আলোকে "ক" শ্রেণী ভূমিহীন পরিবারকে সরকারিভাবে ঘর নির্মাণ করে দেয়ার জন্য নির্বাচিত উপকারভোগীদের অনুকূলে ২ শতাংশ করে খাস জমি বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত বন্দোবস্তি মামলাসমূহ সভায় উপস্থাপন করা হয়।</td><td>প্রাপ্ত মামলাসমূহ দ্রুততার সাথে পূর্বানুমোদন প্রদান পূর্বক নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</td><td>ভূমি কর্মকর্তা
ও
কানুনগো, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৬.৫) <u>পরিষদ এলাকায় ইনডোর ষ্টেডিয়াম নির্মাণ</u> ঃ
পরিষদের ২০২০ সালের ৫ম মাসিক সভার সিদ্ধান্ত আলোকে সম্মানিত সদস্য জনাব ক্যসা প্রু কর্তৃক পরিষদ লেকের দক্ষিণ পাড় তথা তালুকদার পাড়ার পূর্বপার্শ্বে ইনডোর স্টেডিয়াম নির্মাণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত জায়গাটি পরিদর্শন ও জমির মালিকের সাথে আলোচনা করে প্রতিবেদন দাখিল করেন। জমাবন্দি অনুযায়ী উক্ত মালিকের জমির পরিমাণ : ৪.০০ (চার) একর ৩য় শ্রেনী। মালিক কর্তৃক প্রত্যাশিত মূল্য : একর প্রতি ৪০.০০ লক্ষ টাকা। মোট মূল্য : ১৬০.০০ লক্ষ টাকা।</td><td>জেলা পরিষদ ইনডোর স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে উক্ত জমি ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। জমির মূল্য আগামী ২০২১-২০২২ অর্থ বছরের বাজেটে জমি ক্রয় বাবদ প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা
এবং
হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, এ পরিষদ।</td></tr>
<tr><td></td><td>২৬.৬) <u>নামজারী অনুমোদন সংক্রান্ত</u> ঃ
বিগত০৮/০৯/২০২০খ্রিঃ হতে ১৯/১০/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত নামজারি মামলাসমূহ পূর্বানুমোদন প্রদান/নিষ্পত্তি পূর্বক জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। মামলার বিবরণ ঃ
<table>
<tr><th>উপজেলা</th><th>পূর্বের জের</th><th>নতুন প্রাপ্ত মামলার সংখ্যা</th><th>মোট</th><th>অনুমোদিত মামলার সংখ্যা</th><th>অবশিষ্ট/ জমা</th></tr>
<tr><td>বান্দরবান সদর</td><td>৩৯</td><td>৮১</td><td>১২০</td><td>৫৯</td><td>৬১</td></tr>
<tr><td>রোয়াংছড়ি</td><td>২০</td><td>৪৩</td><td>৬৩</td><td>৩০</td><td>৩৩</td></tr>
<tr><td>রুমা</td><td>০৮</td><td>১৫</td><td>২৩</td><td>০৭</td><td>১৬</td></tr>
<tr><td>থানচি</td><td>০৬</td><td>০৯</td><td>১৫</td><td>-</td><td>১৫</td></tr>
<tr><td>লামা</td><td>২২</td><td>৬৩</td><td>৮৫</td><td>৫১</td><td>৩৪</td></tr>
<tr><td>আলীকদম</td><td>১০</td><td>২১</td><td>৩১</td><td>০৬</td><td>২৫</td></tr>
<tr><td>নাইক্ষ্যংছড়ি</td><td>১১</td><td>২৪</td><td>৩৫</td><td>০৪</td><td>৩১</td></tr>
<tr><td>এল, এ মামলা</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>সর্বমোট =</td><td>১১৬</td><td>২৫৬</td><td>৩৭২</td><td>১৫৭</td><td>২১৫</td></tr>
</table></td><td>১২৬টি নামজারি মামলার নিষ্পত্তির লক্ষ্যে পদত্ত পূর্বানুমোদন এর বিষয়টি সভায় ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হয়।</td><td>ভূমি কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।</td></tr>
</table>

চলমান-১৪

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২৬.৭)**পরিষদ ক্যাম্পাস এলাকায় জমি ক্রয় ঃ** পরিষদ এলাকায় মৎস্য ভবনের পার্শ্বে ০.৫০ একর জমি পরিষদের অর্থায়নে ক্রয় করার বিষয় নিষ্পত্তি হয়নি। প্রক্রিয়া চলমান।	জমির মালিক এর সাথে আলোচনা করে মূল্য স্থির করে পরবর্তী সভায় রিপোর্ট দাখিল করতে হবে।	মুনিক ও জনাব মোজাম্মেল হক বাহাদুর, সম্মানিত সদস্য, এ পরিষদ।
	২৬.৮) **পরিষদ ক্যাম্পাস এলাকার জায়গা সংরক্ষণ সংক্রান্ত ঃ** পরিষদ কমপ্লেক্স এলাকায় মৎস্য ভবনের পাশে জনৈক ব্যক্তি কর্তৃক ১টি বহুতল বিশিষ্ট প্লাজা কনভেশন হল নির্মাণে পরিষদের ভোগদখলীয় অতিরিক্ত জমি ব্যবহারের বিষয়টি তদন্ত করা হয়নি এবং উক্ত হল সংলগ্ন জমিতে উপজেলা ভূমি অফিসের সাইট হিসেবে টাঙ্গানোর সাইনবোর্ড সরানো হয়নি মর্মে জানা যায়।	১) সরেজমিনে তদন্ত পূর্বক অবৈধ দখলীয় জমি উদ্ধারে আইনগত ব্যবস্থা নিতে হবে। ২) উপজেলা ভূমি অফিসের সাইনবোর্ড সরানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।	ভূমি কর্মকর্তা ও কানুনগো, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
	২৬.৯) **পরিষদের রেষ্টহাউজসমূহের জমি রেকর্ড সংরক্ষণ ঃ** জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন ০৫টি রেষ্টহাউজের জমি রেকর্ডভুক্ত-করণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। ইতিমধ্যে রোয়াংছড়ি রেস্ট হাউসের জমি সংক্রান্ত তথ্য পাওয়া গেছে মর্মে কানুনগো সভায় জানান। রেস্ট হাউসসমূহ : ১। আলীকদম রেস্ট হাউজ, ২। লামা সদর রেসট হাউজ, ৩। লামা টিটিএন্ডডিসি রেস্ট হাউজ, ৪। রোয়াংছড়ি রেস্ট হাউজ, ৫। বলিপাড়া রেস্টহাউজ।	সংশ্লিষ্ট সকল রেষ্টহাউজের জমির রেকর্ড সংশোধন/ হালনাগাদ করণের ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ দেয়া হলো।	
	২৬.১০) **পরিষদের রেষ্ট হাউজসমূহ তদারকী সংক্রান্ত :** এ জেলার বিভিন্ন উপজেলায় স্থাপিত পরিষদের রেস্ট হাউজসমূহ যথাযথ সু-রক্ষা ও পরিচালনার জন্য একটি তদারকী টিম গঠনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। আলোচনাক্রমে রেস্ট হাউজসমূহ তদারকির জন্য নিম্নরুপভাবে একটি স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়। ১. জনাব লক্ষীপদ দাস, সম্মানিত সদস্য, এ পরিষদ - আহবায়ক ২. জনাব দুংড়িমং, সম্মানিত সদস্য, এ পরিষদ - সদস্য ৩. সহকারী প্রকৌশলী, এ পরিষদ - সদস্য ৪. প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ - সদস্য-সচিব	১। বর্ণিত কমিটি গঠনের অফিস আদেশ জারি করতে হবে। ২। গঠিত কমিটি নিয়মিত তদারকী করে রেস্টা হাউসসমুহ যথাযথভাবে পরিচালনা ও সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করবেন।	
২৭।	**ইজারা কার্যক্রম সংক্রান্ত ঃ** **২৭.১)টোল পয়েন্ট ইজারা সংক্রান্ত অগ্রগতি ঃ** সভায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে ২১টি ইজারাকৃত টোল পয়েন্ট এর বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। এর মধ্যে শুধুমাত্র ০১ টি টোল পয়েন্ট এর কৃতকার্য ইজারাদার হতে সম্পূর্ণ ইজারামূল্য আদায় করা যায়নি। অনাদায় অর্থ : ১,০০,৫০০ টাকা। তাকে ইতিমধ্যে চূড়ান্ত নোটিশ দেয়া হয়েছে। পত্র এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করা পরও ইজারাদার কর্তৃক উক্ত অর্থ জমা প্রদান করেনি। তাই টোল আদায়ের জন্যও কোন কার্যাদেশ ইস্যু করা হয়নি।	১। বর্ণিত টোল পয়েন্টের নির্বাচিত ইজারাদার কর্তৃক ইজারা দরপত্র প্রস্তাব দাখিলের সময় এবং পরবর্তীতে জমাকৃত অর্থ মোট: ৩,০১,০০০/= টাকা বাজেয়াপ্ত করত: টোল পয়েন্টটি পুন: ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। ২। সংশ্লিষ্ট ইজারাদার মেসার্স জনতা এন্টারপ্রাইজ, চকরিয়া, কক্সবাজার এর নিকট হতে অবশিষ্ট ইজারামূল্য আদায়ের জন্য পিডিআর অ্যাক্ট এ মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহিত হয়।	নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।
	২৭.২) **টোল পয়েন্ট ইজারাদারদের প্রণোদনা সংক্রান্ত ঃ** সভায় চলতি ২০২০-২০২১ অর্থ বছরে ২১টি ইজারাকৃত টোল পয়েন্ট এর অধিকাংশ ইজারাদার কর্তৃক কোভিড-১৯ এর কারণে সরকারি লকডাউন অব্যাহত থাকায় সেখানকার উৎপাদিত পণ্য সামগ্রি রপ্তানি না হওয়ায় তারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই তাদের আর্থিক ক্ষতি পুষিয়ে দেয়ার জন্য প্রণোদনা হিসেবে আংশিক ইজারার মূল্য ফেরৎ দেয়ার জন্য দাখিলকৃত আবেদনসমূহ উপস্থাপন করা হয়। ইজারাদারদের বক্তব্য ও দাবি সঠিক হিসেবে সভায় বিবেচিত হয়।	বিধি মোতাবেক তাদেরকে আংশিক ইজারামূল্য ফেরৎ প্রদানের সুযোগ নেই। করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট বিরূপ পরিস্থিতি পর্যালোচনা করে চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ইজারাদারকে বর্তমান বছরের অনুমোদিত ইজারামূল্যে সংশ্লিষ্ট টোল পয়েন্ট/টোল পয়েন্টসমূহ আগামী ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	মুখ্য নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ

চলমান-১৫

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২৭.৩) নাইক্ষ্যংছড়ি বিশ্রামাগার ইজারার বকেয়া অর্থ আদায় ঃ বর্ণিত রেস্টহাউস এর বকেয়া ইজারামূল্য আদায় হয়নি। সার্টিফিকেট মামলা চলমান।	মামলার অগ্রগতি ফলোআপ করতে হবে।	নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।
	২৭.৪) লামা টিটিএন্ডডিসি রেস্ট হাউস ইজারা ঃ উপযুক্ত ইজারামূল্যে উক্ত রেস্ট হাউসটি ইজারা নিতে আগ্রহী ইজারাদার না পাওয়ায় ইজারা দেয়া যায়নি।	ইজারা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ।
	২৭.৫) চিউনী খালের মুখ পুকুর লীজ প্রদান সংক্রান্ত ঃ জনাব মিন্টু কুমার সেন, চেয়ারম্যান, ২নং লামা সদর ইউনিয়ন কর্তৃক পরিষদের মালিকানাধীন লামা চিউনী খালের মুখে নির্মিত পুকুরটি পূর্বের ন্যায় ০৫ বছরের জন্য ইউনিয়ন পরিষদের অনুকূলে লীজ পাওয়ার আবেদন সভায় উপস্থাপন করা হয়। বর্ণিত পুকুরটি ইতিপূর্বেও লামা সদর ইউনিয়ন পরিষদের অনুকূলে ৩৬,০০০ টাকায় ৫ বছরের জন্য ইজারা প্রদান করা হয়েছিল ।	স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিজস্ব আয় বৃদ্ধির স্বার্থে তার আবেদনখানা বিবেচনা করতঃ বর্ণিত পুকুরটি আগামী ৫ বছর মেয়াদের জন্য (২০২১-২০২২ হতে ২০২৫-২০২৬ অর্থ বছর) ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকায় লামা সদর ইউনিয়ন পরিষদের অনুকূলে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।	মুখ্য নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ।
	২৭.৬) নীলাচল রাস্তা টোল পয়েন্ট সংক্রান্ত : নীলাচল রাস্তায় পরিষদের স্থাপিত টোল পয়েন্ট না বসানোর বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক জেলা উন্নয়ন সমন্বয় সভায় প্রস্তাব করেছেন। টোল পয়েন্টটি কয়েক বছর পূর্বে স্থাপিত। তাই টোল পয়েন্টটি অব্যাহত রাখার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। এ ছাড়া নীলাচলে পরিষদ কর্তৃক নির্মিত ২টি স্থাপনা ব্যবহার উপযোগি করে পরিচালনার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	নীলাচল রাস্তা টোল পয়েন্ট অব্যাহত রাখা এবং নীলাচলে স্থিত পরিষদের ২টি ভবন ব্যবহার উপযোগি করাসহ উক্ত ভবনে অবাধে যাতায়াতের ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।	মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং সম্মানিত সদস্য জনাব ক্যসাপ্রু, জনাব লক্ষীপদ দাস ও জনাব মোজাম্মেল হক বাহাদুর, এ পরিষদ।
২৮।	বিবিধ ঃ ২৮.১) পুরাতন যানবাহন কনডেমড্ ঘোষণা সংক্রান্ত ঃ বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০০০ সালে ক্রয়কৃত২টি গাড়ী কনডেমড্ ঘোষণার লক্ষ্যে মন্ত্রণালয় হতে অদ্যবদি প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়নি।	বর্ণিত গাড়ী ০২ টি কনডেমড্ ঘোষণার প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ।
	২৮.২) "ক" শ্রেনি গরীব ১০০ পরিবারের জন্য গৃহ নির্মাণ ঃ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনমতে চলতি বছরে 'ক' শ্রেণিভুক্ত ১০০ গরীব পরিবারকে পরিষদের তত্ত্বাবধানে ঘর নির্মাণ কার্যক্রম চলমান। কোন কোন উপজেলায় ৬০% অগ্রগতি হয়েছে মর্মে সভায় জানা যায়।	সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সাথে সমন্বয় করে উপকারভোগী নির্বাচন ও নির্ধারিত ঘর নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত সদস্যবৃন্দ ও নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ।
	২৮.৩) পরিষদ অফিসার্স কোয়ার্টার ভাড়া পুন: নির্ধারণ ঃ পরিষদের বিগত ২৪/১২/২০২০ ইং ৫ম মাসিক সভা সিদ্ধান্ত আলোকে গঠিত কমিটির মতামতের প্রেক্ষিতে অফিসার্স কোয়ার্টারের ভাড়া নির্ধারণ বিষয়ে সভায় পুনরায় উত্থাপন করা হয়। মুখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, পরিষদের সিদ্ধান্তক্রমে কোয়ার্টারসমূহের বর্তমান মাসিক ভাড়া ৫,০০০ টাকা। সেটিকে ২০% বৃদ্ধি করে পুন: নির্ধারণ করা যেতে পারে।	পরিষদ অফিসার্স কোয়ার্টার এর বাসা ভাড়া ৫০০০/ টাকা হতে ২০% বৃদ্ধি করে মাসিক ৬০০০/- টাকা ভাড়া নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, এ পরিষদ।
	২৮.৪)বালাঘাটাস্থ শৈলশোভা কলোনী সংক্রান্ত ঃ বালাঘাটাস্থ শৈলশোভা কলোনিতে পরিষদের অনুকূলে অনুদিত প্লটে নির্মিত ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা হয়। ভবনটি ছাত্র-ছাত্রীদের জন্য হোস্টেল হিসেবে ব্যবহার করা যেতে পারে মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হয় : ১. জনবা ক্য সা প্রু, সম্মানিত সদস্য, এ পরিষদ - আহ্বায়ক ২.নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ - সদস্য ৩.প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ -সদস্য-সচিব।	বর্ণিত কমিটি উক্ত ভবন সরজমিনে পরিদর্শন করে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট কমিটি

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	২৮.৫) মেঘলাস্থ পরিষদের প্রস্তাবিত পেট্রোল পাম্প-এর জায়গায় LPG ফিলিং স্টেশন স্থাপন সংক্রান্ত ঃ মেঘলাস্থ পরিষদের প্রস্তাবিত পেট্রোল পাম্প-এর জায়গায় এলপিজি ফিলিং স্টেশন স্থাপনের লীজ প্রদানের জন্য শরিফ এলপিজি লিমিটেড, চট্টগ্রাম এর আবেদনের বিষয়ে আলোচনা হয়। সভায় সংশ্লিষ্ট এলপিজি কোম্পানীর সাথে যোগাযোগ/আলোচনা করে লীজ প্রদানের বিষয়ে পরিষদের নিম্নবর্নিত তিনজন সম্মানিত সদস্যকে দায়িত্ব প্রদান করা হয়। ১. জনাব ক্য সা প্রু, সম্মানিত সদস্য, এ পরিষদ - আহ্বায়ক ২. জনাব লক্ষীপদ দাস, এ পরিষদ - সদস্য ৩. জনাব মো: মোজাম্মেল হক বাহাদুর, এ পরিষদ - সদস্য ৪. প্রশাসনিক কর্মকর্তা, এ পরিষদ - সদস্য-সচিব।	উক্ত কমিটি দ্রুত ব্যবস্থা গ্রহণ পূর্বক বর্ণিত কাজের অগ্রগতির প্রতিবেদন পরিষদে দাখিল করবেন।	সংশ্লিষ্ট কমিটি
	২৮.৬) পরিষদের নিজস্ব কর্মকর্তা/ কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ সহায়তা প্রদানে নীতিমালা প্রনয়ন সংক্রান্তঃ সভায় রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য গৃহনির্মাণ ঋণ সহায়তা প্রদান নীতিমালা-২০২০ উপস্থাপন করা হয়। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ন্যায় এ পরিষদে কর্মরত নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে অনুরূপ নীতিমালা প্রণয়নের জন্য প্রশাসনিক কর্মকর্তা প্রস্তাব করেন।এ বিষয়ে মুখ্য নিবাহী কর্মকর্তা পরীক্ষা নিরীক্ষা করে পরবর্তী সভায় পেশ করা যায় মর্মে অভিমত প্রকাশ করেন।	এ পরিষদের প্রবিধান প্রণয়ন কমিটি কর্তৃক রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহ নির্মাণ ঋণ সহায়তা প্রদান নীতিমালা, ২০২০ পরীক্ষা নিরীক্ষা করে অনুরূপ নীতিমালা প্রণয়ন পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সংশ্লিষ্ট কমিটি
	২৮.৭) জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ তহবিল গঠন সংক্রান্ত : বান্দরবান পার্বত্য জেলা পরিষদের স্থাপিতব্য জেলা পরিষদ স্কুল এন্ড কলেজ এর তহবিল গঠনের জন্য আয়ের উৎস সৃষ্টি করা একান্ত প্রয়োজন। ইতিপূর্বে পরিষদ সদস্য এবং কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে ধার্যকৃত অনুদানের মধ্যে এ পর্যন্ত শুধুমাত্র ২ জনের কাছ থেকে পাওয়া গেছে।	এলাকার শিক্ষা উন্নয়নের স্বার্থে বাজার ফান্ডের বাজার ইজারা এবং পরিষদের টোল পয়েন্ট ইজারা প্রদানের সময় কৃতকার্য ইজারাদারদের নিকট হতে ইজারামূল্যের ২% অর্থজেলা পরিষদ স্কুল এন্ড কলেজ এর তহবিলের অনুকূলে নির্ধারিত রশিদের মাধ্যমে আদায় করা হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ ও সংশ্লিষ্ট সকলে
	২৮.৮) ইকো ট্যুরিজম পার্ক স্থাপন : সভায় পরিষদের অর্থায়নে একটি উপযুক্ত ইকো ট্যুরিজম পার্ক স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইকো ট্যুরিজম পার্ক স্থাপনের লক্ষ্যে জায়গা নির্ধারণসহ সম্ভাব্যতা যাচাইয়ের জন্য নিম্নমতে কমিটি গঠন করা হয় : ১। জনাব ক্যসাপ্রু, সম্মানিত সদস্য, এ পরিষদ - আহ্বায়ক ২। জনাব জুয়েল বম, সদস্য, এ পরিষদ - সদস্য ৩। জনাব মোজ্জামেল হক বাহাদুর, সদস্য, এ পরিষদ- সদস্য ৪। জনাব দুংড্রিমং, সদস্য, এ পরিষদ - সদস্য ৫। নির্বাহী প্রকৌশলী, এ পরিষদ। - সদস্য-সচিব	ইকো ট্যুরিজম পার্ক স্থাপনের লক্ষ্যে জায়গা নির্ধারণ এবং নির্ধারিত জমি পরিষদের অনুকূলে রেকর্ডভুক্তির ব্যবস্থা নিতে হবে।	মুখ্য নির্বাহী কর্মকর্তা, এ পরিষদ ও সংশ্লিষ্ট সকলে

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালনের অনুরোধ ও ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

স্মারক নং ঃ ২৯.৩৫.০৩০০.০০৩.০৬.২৭৪.১৯- ৬৮৪ তারিখ ঃ ১৬/০৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১।মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, ৩০০নং আসন, বান্দরবান।

০৪+১৭। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রণালয়/কৃষিমন্ত্রণালয়/শিক্ষামন্ত্রণালয়/সমাজ কল্যাণ মন্ত্রণালয়/ ভূমি মন্ত্রণালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়কমন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়কমন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। ব্রিগেড কমান্ডার, ৬৯ পদাতিক ব্রিগেড, বান্দরবান সেনা রিজিয়ন, বান্দরবান।

১৯+২৬। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ যুব উন্নয়ন অধিদপ্তর /প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/ মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তর/মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর/শিল্পকলা একাডেমি, ঢাকা।

২৭।প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২৮। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।

২৯। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৩০+৩৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

৩৪। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।

৩৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৬+৪৪। উপজেলা চেয়ারম্যান, সদর/রোয়াংছড়ি/রুমা/থানছি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

৪৫+৪৬। মেয়র, বান্দরবান / লামা, পৌরসভা, বান্দরবান।

৪৭+৭০। ..... বান্দরবান। (সকল ন্যস্ত বিভাগীয়প্রধান)।

৭১+৭৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর/রোয়াংছড়ি/রুমা/থানছি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

১৬.৬.২১

(এ টি এম কাউছার হোসেন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
ফোন ঃ ০৩৬১-৬২৪৮৭
১৬/৬/২০২১

স্মারক নং ঃ ২৯.৩৫.০৩০০.০০৩.০৬.২৭৪.১৯- ৬৮৪ তারিখ ঃ ১৬/৬/২০২১ খ্রিঃ।

অনুলিপি :-সদয় অবগতির জন্য প্রেরণ করা হল -

১-১৪। জনাব ক্যসাপ্রু/জনাব কাঞ্চনজয় তঞ্চঙ্গ্যা/জনাব মো: মাহবুবুর রহমান/জনাব দুংড়িমং মার্মা/জনাব লক্ষীপদ দাস/জনাব জুয়েল বম/জনাব সিংইয়ং ম্রো/জনাব সত্যহা পানজি ত্রিপুরা/জনাব মোঃ মোজাম্মেল হক বাহাদুর/ জনাব শৈহ্লাচিং বাশৈচিং মার্মা/ জনাব ক্যানে ওয়ান চাক/ মিসেস তিংতিংম্যা/বেগম ফাতেমা পারুল/সিঅং খুমী, সম্মানিত সদস্য, এ পরিষদ।

১৫+২০। ..... এ পরিষদ। (সকল কর্মকর্তা)

২১। জনাব .....।

২২। অফিস কপি।

১৬.৬.২১

(এ টি এম কাউছার হোসেন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
ফোন ঃ ০৩৬১-৬২৪৮৭
১৬/৬/২০২১

পরিশিষ্ট - "ক"

বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০২১ সালের ২য়মাসিক সভার উপস্থিতির বিবরণ।

তারিখঃ- ২৮/০৩/২০২১ খ্রিঃস্থান : জেলা পরিষদ সভাকক্ষ

ক্র: নং	নাম	পদবী ও দপ্তর	স্বাক্ষর
০১	জনাব এ টি এম কাউছার হোসেন	মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০২	জনাব ক্য সা প্রু	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৩	জনাব সিং ইয়ং ম্রো	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৪	জনাব ক্যনে ওয়ান চাক	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৫	জনাবজুয়েল বম	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৬	জনাব তিংতিং ম্যা	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৭	জনাব ফাতেমা পারুল	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৮	জনাব সত্যহা পানজি ত্রিপুরা	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
০৯	জনাব শেখ মাহাবুবুর রহমান	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
১০	জনাব সিঅং খুমী	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
১১	জনাব শৈহ্লাচিং বাশৈচিং মার্মা	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
১২	জনাব দুংড়ি মং মার্মা	সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
১৩	জনাব মোঃ জিয়াউর রহমান	নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
১৪	জনাব অংসুইপ্রু মারমা	সিভিল সার্জন, বান্দরবান।	স্বাক্ষরিত
১৫	জনাব আলোক বিকাশ চাকমা	ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল, বান্দরবান।	স্বাক্ষরিত
১৬	জনাব অসীম চাকমা	ইউএফপিও সদর পক্ষে ডিডিএফপি, বান্দরবান।	স্বাক্ষরিত
১৭	জনাব আমিনুল ইসলাম বাচ্চু	সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমী, বান্দরবান।	স্বাক্ষরিত
১৮	জনাব লীলা মুরুং	সহকারী পরিচালক, কেএসআই, বান্দরবান।	স্বাক্ষরিত
১৯	জনাব ড. সাইফুদ্দিন মোহাম্মদ হাছান আলী	উপপরিচালক (ভা:), যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
২০	জনাব অনিল কুমার সাহা	জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
২১	জনাব মিলটন মুহুরী	উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
২২	জনাব মাঈন উদ্দিন মিলকি	জেলা ক্রীড়া অফিসার, বান্দরবান।	স্বাক্ষরিত
২৩	জনাব মাশৈথুই চাক্	লাইব্রেরী ইনচার্জ, সরকারী গণগ্রন্থাগার, বান্দরবান।	স্বাক্ষরিত
২৪	জনাব মো: সফিউল আলম	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বান্দরবান।	স্বাক্ষরিত
২৫	জনাব গোলামুর রহমান	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বান্দরবান।	স্বাক্ষরিত
২৬	জনাব ফাতেমা বেগম	জেলা সমবায় অফিসার, বান্দরবান।	স্বাক্ষরিত
২৭	জনাব উদ্ধেন্দু বিকাশ তঞ্চঙ্গ্যা	প্রধান সহকারী, বাজার ফান্ড সংস্থা, এ পরিষদ।	স্বাক্ষরিত
২৮	জনাব শর্মিষ্ঠা আচার্য্য	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
২৯	জনাব মো: মোরশেদুল আলম	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
৩০	জনাব মো: ওসমান গণি চৌধুরী	হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
৩১	জনাব মো: আলমগীর হোসেন মৃধা	প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, বান্দরবান জোন।	স্বাক্ষরিত
৩২	জনাব ড. এ কে এম নাজমুল হক	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
৩৩	জনাবড.এ কে এম হুমায়ুন কবির	উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বান্দরবান।	স্বাক্ষরিত
৩৪	জনাব লেলিন চাকমা	সহকারী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
৩৫	জনাব মো: খোরশেদ আলম প্রধান	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বান্দরবান।	স্বাক্ষরিত
৩৬	জনাব মংশৈচিং চাক	কানুনগো, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।	স্বাক্ষরিত
৩৭	জনাব ড. সাফায়েত আহম্মদ সিদ্দিকী	উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, বালাঘাটা, বান্দরবান।	স্বাক্ষরিত
৩৮	জনাব উ চিং মং	প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ	স্বাক্ষরিত

====